

নবাগত করোনা ভাইরাস

ভাইরাস করোনা কি?

মনে করা হচ্ছে সার্স বা ইবোলার মতো প্রাণঘাতী ভাইরাসের মতোই করোনা ভাইরাস। তবে এটি নাকি সার্স বা ইবোলার চেয়েও অনেক বেশি বিপজ্জনক। করোনা ভাইরাস মানুষের ফুসফুসে সংক্রমণ ঘটায় এবং শ্বাসতন্ত্রের মাধ্যমেই মধ্যপ্রাচ্যের সিনড্রোম রোগের মত, এটি শরীরে ছড়ায়। (সার্স)

নবাগত ভাইরাস করোনা কখন প্রকাশ পেলো?

করোনা ভাইরাসে আক্রান্ত মানুষ ইতোপূর্বে পৃথিবীবাসী দেখে নি। এই প্রথম চায়না থেকে প্রকাশ পেলো।

ভাইরাস করোনা সংক্রমণের লক্ষণ:

- ❖ কাশি
- ❖ জ্বর
- ❖ শ্বাস নিতে কষ্ট হওয়া
- ❖ নিউমোনিয়া।


ভাইরাস করোনা কি একজনের দেহ থেকে অন্যদের দেহে ছড়ায়?

হ্যাঁ! এটি একজনের দেহ থেকে আরেকজনের দেহে ছড়ায়। সাধারণত ফু বা ঠাণ্ডা লাগার মতো তীব্র নিউমোনিয়া সিনড্রোমের মত করেই এ ভাইরাস ছড়ায়।

এর চিকিৎসা কী?

ভাইরাসটি নতুন হওয়াতে এখনই এর কোনও টিকা বা প্রতিষেধক আবিষ্কার হয়নি। এমনকি কোনও চিকিৎসাও নেই, যা এ রোগ ঠেকাতে পারে।





এর থেকে বাঁচার উপায় কি?

তবে বিশ্ব স্বাস্থ্য সংস্থা করোনা ভাইরাস যেনো আক্রমণ করতে না পারে সে জন্য কিছু পরামর্শ দিয়েছে-

- ১। নিয়মিত ভালোভাবে ২০ সেকেন্ড পর্যন্ত হাত ধোয়া।
- ২। হাঁচি-কাশির সময় নাক-মুখ ঢেকে রাখা এবং ঠাণ্ডা ও ফু আক্রান্ত মানুষ থেকে দূরে থাকা।
- ৩। সুরক্ষিত থাকতে অবশ্যই মাস্ক ব্যবহার করুন।
- ৪। গবাদি পশু থেকেও দূরত্ব বজায় রাখুন।
- ৫। গণপরিবহণ এড়িয়ে চলা।

❖ করোনা ভাইরাস থেকে নিরাপদ থাকতে উপরের পরামর্শের পাশাপাশি বিশেষ কিছু আমলও চালু রাখতে হবে-

- ❖ আল্লাহর কাছে সাহায্য প্রার্থনা করা, তাঁর উপর আস্থা রাখা, আল্লাহর নিকট প্রত্যেক জিনিসই নির্ধারিত রয়েছে। তিনি যা চান করেন, অসুস্থ হলে তিনিই আরোগ্য দান করেন।
 - ❖ আল্লাহর রাসূল (সা.) রোগ থেকে বাঁচার জন্য দুআ করতেন- আল্লাহুম্মা ইন্নী আউযুবিকা মিনাল বারাসি, ওয়াল জুনূনি, ওয়াল জুয়ামি ওয়ামিন সাইয়্যিল আসকাম।
- হে আল্লাহ! আমি আপনার কাছে আশ্রয় চাই শ্বেত, উন্মাদনা, কুষ্ঠ এবং সমস্ত দুরারোগ্য ব্যাধি হতে।
(আবু দাউদ: ১৫৫৪, নাসাঈ: ৫৪৯৩, আলবানী হাদীসটি সহীহ বলেছেন)

- ❖ রাসূল (সা.) বলেছেন যে ব্যক্তি সন্ধ্যায় তিনবার বলবে: “বিস্ মিল্লা-হিল্লাযী লা ইয়াদুররু মা’আ ইস্ মিহী শাইউন ফিল্ আরদ্বি ওয়ালা ফিস্ সামা-ই, ওয়াহুয়াস্ সামী’উল ‘আলীম” সকাল হওয়া পর্যন্ত তার প্রতি কোনো হঠাৎ বিপদ আসবে না। অর যে তা সকালে তিনবার বলবে সন্ধ্যা পর্যন্ত তার উপর কোনো হঠাৎ বিপদ আসবে না। (আবু দাউদ: ৫০৮৮) হাদীসটি সহীহ